



ঘোড়াঘাটে বাড়ছে কম্পোস্ট সারের ব্যবহার

প্রকাশ | ২৩ মার্চ ২০২০, ০০:০০



শফিকুল ইসলাম, ঘোড়াঘাট
(দিনাজপুর)



ঘোড়াঘাটে বাড়ছে কেঁচো কম্পোস্ট সারের ব্যবহার।

দিনাজপুরের ঘোড়াঘাটে বাড়ছে কেঁচো কম্পোস্ট সারের ব্যবহার -যাযাদি

দিনাজপুরের ঘোড়াঘাটে কৃষি জমিতে দিন দিন বাড়ছে জৈব বা কেঁচো কম্পোস্ট সারের ব্যবহার। বর্তমানে কৃষকরা অনেকটাই সচেতন হয়ে উঠেছে। রাসায়নিক সার ব্যবহার করে উৎপাদিত ফসল ও খাবার খেয়ে মানুষের দেহে রোগ প্রতিরোধ ক্ষমতা ধীরে ধীরে কমে যাচ্ছে। তবে সুস্থ থাকতে হলে প্রয়োজন নিরাপদ খাদ্যের। সেই দিক থেকে বিষমুক্ত খাদ্য উৎপাদনে

জৈবসারের বিকল্প নেই। রাসায়নিক সারের তুলনায় জৈবসারের ব্যবহারে ফসল উৎপাদন ভালো হয়। তাছাড়া অর্থের সাশ্রয় হয়। সে কারণে কৃষকরা রাসায়নিক সারে পরিবর্তে কৃষি জমিতে জৈব বা কেঁচো কম্পোস্ট সার ব্যবহার করছেন। এর আগে উপজেলা কৃষি বিভাগ রাসায়নিক সারের পরিবর্তে জৈবসারের ব্যবহার বাড়ানোর উদ্যোগ নেয়। সেই লক্ষে উপজেলার ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রজেক্ট ফেজ-টু (এনএটিপি-২)-এর আওতায় মহিলা সিআইজি দলের ৩০ চাষিকে কেঁচো কম্পোস্ট সার তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়াও উপজেলার চারটি ইউনিয়নে ৪০টি সিআইজি দল গঠন করা হয়েছে। যার মধ্যে ২৬টি পুরুষ ও ১৪টি মহিলা দল। এদের জৈবসার উৎপাদন ও ব্যবহারে নিয়মিত প্রশিক্ষণ দিচ্ছে উপজেলা কৃষি বিভাগ। জমিতে কেঁচো কম্পোস্ট সার ব্যবহার করে তারা সাফল্য পেয়েছেন। এতে ফসলের উৎপাদন তুলনামূলক বেশি হচ্ছে। উপজেলার ঘোড়াঘাট ইউনিয়নের ঘুঘুরা গ্রামের আদর্শ কৃষাণী মেহেরুন বেগম জানান, প্রশিক্ষণ নিয়ে কেঁচো কম্পোস্ট সারের ব্যবহার করে সবজি চাষ করেন। এতে তার জমিতে ফলন ভালো হয়। বর্তমানে সবজি চাষের পাশাপাশি বোরো খেতে এই সার ব্যবহার করছেন। অপর এক কৃষাণী মাহফুজা বেগম জানান, জৈবসার উৎপাদন করে তার ফসলের জমিতে ব্যবহার ও বাড়তি সার ১০ টাকা কেজি করে বিক্রি করছেন। এতে তিনি ভালো মুনাফা অর্জন করছেন। কৃষি অফিসের তথ্য মোতাবেক কেঁচো কম্পোস্ট সারে নির্দিষ্ট পরিমাণ নাইট্রোজেন, ফসফরাস, পটাশ, সালফার, ম্যাগনেশিয়াম,

বোরন, জৈব কার্বন ও পানি থাকে। যা মাটির জন্য খুবই উপকারী। উপজেলা কৃষি অফিসার এখলাস হোসেন সরকার জানান, এ সার ব্যবহারে মাটির গুণাগুণ ভালো থাকে এবং উর্বরতা শক্তিও বৃদ্ধি পায়। জমিতে জৈবসার বাড়তে উপজেলা কৃষি বিভাগ কাজ করছে।

সম্পাদকমন্ডলী সভাপতি ও প্রকাশক : সাঈদ হোসেন চৌধুরী, **ভারপ্রাপ্ত সম্পাদক :** কাজী রুকুনউদ্দীন আহমেদ, প্রকাশক কর্তৃক এইচআরসি মিডিয়া ভবন, লাভ রোড, ৪৪৬/ই+এফ+জি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও যায়যায়দিন প্রিন্টার্স লিমিটেড থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৮৭ ০২০৮-১২ ফ্যাক্স : ৮৮৭ ০২০২ রিপোর্টিং : ৮৮৭ ০২১৪ বিজ্ঞাপন : ৮৮৭-০২২৩ ফ্যাক্স : ৮৮৭ ০২০১ সার্কুলেশন : ৮৮৭-০২২৪ E-mail: country_jjd@jjdbd.com, jajadi@jjdbd.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি